

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ / ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ ।

এস.আর.ও. নং-১১৪-আইন/২০১৪/৭০৯-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬(৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৬ ফাল্গুন, ১৪১০ বঙ্গাব্দ মোতাবেক ৯ মার্চ, ২০০৪ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৬০-আইন/২০০৪/৪০১-মূসক এর মাধ্যমে জারিকৃত “মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০০৪” এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার -

(১) বিধি ৬ এর -

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “ঘোষণা প্রদান” শব্দগুলির পরিবর্তে “একটি ঘোষণাপত্র এবং বিধি ৫ এর উপ-বিধি (২) মোতাবেক নিরূপিত মোট মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর এর বিপরীতে সমপরিমাণ মূল্যের নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিল” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত “সুপারিনটেনডেন্ট ও রাজস্ব এলাকার ইন্সপেক্টর” শব্দগুলির পরিবর্তে “রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব এলাকার সহকারী রাজস্ব কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) উপ-বিধি (৫) এ উল্লিখিত “১/১১৩৩/০০০০/০৩১১” সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “১/১১৩৩/ সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১১” সংখ্যাগুলি, চিহ্নগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৭ এর পর নিম্নরূপ একটি নূতন বিধি ৭ক সন্নিবেশিত হইবে, যথা:-

“৭ক। ব্যাংক গ্যারান্টি ফেরত প্রদান।- এই বিধিমালার বিধি ৫ এর উপ-বিধি (২) মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর যথাযথভাবে পরিশোধ হওয়া সাপেক্ষে বিধি ৬ এর উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি বিভাগীয় কর্মকর্তা ফেরত প্রদান করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, ব্যাংক গ্যারান্টি ফেরত প্রদান করিবার পূর্বে প্রদেয় মূল্য সংযোজন কর বিধি মোতাবেক পরিশোধিত হইয়াছে কিনা, তাহা নিশ্চিত হইতে হইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( হাছান মুহম্মদ তারেক রিকাবদার )  
দ্বিতীয় সচিব (মূসক-আইন ও বিধি)